মেহেরপুরের গড়পুকুর ফুটকাট মালিকদের প্রেস ব্রিফিং

মেহেরপুরের গড়পুকুরের ফুটকাট মালিকগণ এক প্রেস ব্রিফিং করেন।

আজ সোমবার রাত ৯টায় গড়পুকুরে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। এই প্রেস ব্রিফিংয়ে ফুটকাট মালিকগণের পক্ষ থেকে ফ্রুডি ব্রাদার্সের স্বত্বাধিকারী মোঃ রাশেদুল ইসলাম রিমেল একটি লিখিত বক্তব্য প্রদান করেন, যেখানে তিনি গত ৩ এপ্রিল ২০২৬ তারিখে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি পোস্টকে ঘিরে সৃষ্ট বিভ্রান্তির পরিসমাপ্তি ঘটান।

প্রেস ব্রিফিংয়ে মোঃ রাশেদুল ইসলাম রিমেল বলেন, ‘‘ফেসবুক পোস্টটি ছিল গড়পুকুরে অনির্দিষ্টকালের জন্য ব্যবসা বন্ধ। ১৮ লাখ টাকায় গড়পুকুর ইজারা নিয়ে ফুটপাত ব্যবসায়ীদের কাছে প্রায় ৫৪ লাখ টাকা দাবি করা হয়েছে। যারা ইজারা নিয়েছে তারা প্রতি ব্যবসায়ীর কাছ থেকে দৈনিক ১০০ টাকা এবং এককালীন ১০ হাজার টাকা (অফেরতযোগ্য) দাবি করেছে।’’

তিনি আরও বলেন, ‘‘অবশেষে সকল ব্যবসায়ী ও মালিকগণের মধ্যে আলোচনা শেষে একটি বাজেট নির্ধারণ করা হয়েছে, যাতে গড়পুকুরের সৌন্দর্যবর্ধনের কাজ বাস্তবায়ন করা যাবে। প্রস্তাবিত বাজেট অনুযায়ী, প্রতিটি ব্যবসায়ীর কাছ থেকে এককালীন ৩,০০০ টাকা এবং নাইটগার্ড ও পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য প্রতিদিন ৭০ টাকা করে উত্তোলন করা হবে। এই উদ্যোগে সকল ব্যবসায়ী একমত হয়েছেন এবং তারা সবার সম্মতিতে কাজ শুরু করবেন।’’

গড়পুকুর ফুটকাট মালিকগণের পক্ষ থেকে রাশেদুল ইসলাম রিমেল উপস্থিত সকলের কাছে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্টের মাধ্যমে সৃষ্ট বিভ্রান্তির জন্য দুঃখ প্রকাশ করেন।

প্রেস ব্রিফিংয়ে আরও উপস্থিত ছিলেন আবার খাবো-৩ এর স্বত্বাধিকারী মোঃ সজিব, মামা ফুচকার স্বত্বাধিকারী মোঃ জিয়া এবং বার্গার বাইটসের স্বত্বাধিকারী রাকিবুল হাসান।

মেহেরপুরে একুশে টিভির ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে একুশে টিভির ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আজ সোমবার বিকেলে মেহেরপুর প্রেস ক্লাব থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহর প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে প্রেস ক্লাব মিলনায়তনে একুশে টিভির প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়। প্রতিষ্ঠাবার্ষিকীর এই আয়োজনে অংশগ্রহণকারীদের একুশে টিভির পক্ষ থেকে পিঠাপুলি, দই, চিড়া ও মিষ্টি পরিবেশন করা হয়।

মেহেরপুর প্রেস ক্লাবের আহ্বায়ক রুহুল কুদ্দুস টিটুর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খাইরুল ইসলাম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মাসুদসহ প্রেস ক্লাবের সিনিয়র সাংবাদিক ও সুধীজনরা।

প্রতিষ্ঠাবার্ষিকীর আয়োজনে সরকারি-বেসরকারি অফিসের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি এবং জেলার ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকরা অংশ নেন।

মুজিবনগরে গৃহবধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার, হত্যার অভিযোগ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের সুফিয়া খাতুন
(৬০) নামে এক গৃহবধূকে হত্যা করে ঘরের আড়ায় ঝুলিয়ে রাখার অভিযোগ উঠেছে। নিহতের পরিবারের দাবি, পরিকল্পিতভাবে তাকে হত্যা করে

আত্মহত্যা হিসেবে চালিয়ে দিতে মরদেহ ঝুলিয়ে রাখা হয়েছে।

আজ সোমবার (১৩ এপ্রিল) বিকেল তিনটার দিকে উপজেলার টুঙ্গি গোপালপুর গ্রামে নিজ বাড়ি থেকে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত সুফিয়া খাতুন ওই গ্রামের খেদের আলীর স্ত্রী।

পরিবারের সদস্যরা জানান, সুফিয়া খাতুনের শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন ছিল এবং মরদেহ রক্তাক্ত অবস্থায় পাওয়া যায়, যা হত্যার ইঙ্গিত বহন করে।

নিহতের স্বামী খেদের আলী বলেন, জমিজমা সংক্রান্ত বিরোধ নিয়ে তার আপন ভাই আখের আলীর সঙ্গে দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলছিল। গত ৫ এপ্রিল প্রতিপক্ষরা দলবল নিয়ে বাড়িতে হামলা চালিয়ে হত্যার হুমকি দেয়। সেই বিরোধের জের ধরেই এ হত্যাকাণ্ড ঘটতে পারে বলে তিনি আশঙ্কা করছেন।

তিনি আরও জানান, দুপুরে মাঠ থেকে বাড়ি ফিরে দেখেন তার স্ত্রী ঘরের মধ্যে গলায় ফাঁস দেওয়া অবস্থায় ঝুলছে এবং শরীর রক্তাক্ত।

খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। পরে ময়নাতদন্তের জন্য মরদেহটি মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল ইসলাম জানান, ঘটনাটি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে তৃতীয় শ্রেণীর ছাত্রী ধর্ষণ মামলায় আসামির যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুর সদর উপজেলার শোলমারি গ্রামে তৃতীয় শ্রেণীর এক ছাত্রী ধর্ষণ মামলায় আসামি রিগান হোসেনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন

আদালত।

আজ সোমবার দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় ঘোষণা করেন। একই সঙ্গে আসামীর ২ লাখ টাকা জরিমানা, অনাদায়ে আরও ১ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

দণ্ডপ্রাপ্ত রিগান হোসেন সদর উপজেলার তেরোঘরিয়া উত্তরপাড়া গ্রামের আবুল কালামের ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, ২০২৩ সালের ১০ মার্চ শোলমারি গ্রামে তৃতীয় শ্রেণিতে পড়ুয়া এক শিশু পার্শ্ববর্তী তেরোঘরিয়া গ্রামে তার নানাবাড়িতে বেড়াতে যায়। ১৫ মার্চ সকাল সাড়ে ১১টার দিকে শিশুটি নানাবাড়ির পাশে খেলছিল। এ সময় রিগান হোসেন তাকে চকলেট দেওয়ার প্রলোভন দেখিয়ে দোকানঘরের ভেতরে নিয়ে গিয়ে জোরপূর্বক ধর্ষণ করে। ঘটনার পর শিশুটি অচেতন হয়ে পড়লে আসামি পালিয়ে যায়। পরে রিগানের মা ছকিনা খাতুন রক্তাক্ত অবস্থায় শিশুটিকে নানাবাড়িতে রেখে যান। জ্ঞান ফিরে পেলে শিশুটি ঘটনাটি জানায়। পরে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয় এবং উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়ায় পাঠানো হয়।

এ ঘটনায় নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১) ধারায় মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করা হয়। তদন্ত শেষে পুলিশ আদালতে চার্জশিট দাখিল করে। মামলায় ১৭ জন সাক্ষী আদালতে সাক্ষ্য দেন। বিচার চলাকালে আসামি দোষ স্বীকার করেন। সাক্ষ্য-প্রমাণে অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত এ দণ্ডাদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষে নারী শিশু নির্যাতন দম ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর (পি পি) মোস্তাফিজুর রহমান এবং আসামী পক্ষে পল্লব ভট্টাচার্য ও ইব্রাহিম শাহীন আইনজীবীর দায়িত্ব পালন করেন।

গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে মেহেরপুরে ১১ দলীয় জোটের বিক্ষোভ মিছিল

গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে মেহেরপুরে ১১ দলের উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকালে জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইনের নেতৃত্বে জেলা মডেল মসজিদ প্রাঙ্গণ থেকে মিছিলটি শুরু হয়। পরে মিছিলটি শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা ঘুরে সামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়।

পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দেন জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, জামায়াতের শুরা সদস্য আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলার, মুজিবনগর উপজেলা জামায়াতের আমির জাহান আলী, গাংনী উপজেলা জামায়াতের আমির ডা. মো. রবিউল ইসলাম, বাংলাদেশ খেলাফত মজলিসের জেলা সেক্রেটারি আব্দুল গাফফার, ছাত্রশিবিরের জেলা সভাপতি আব্দুল সালাম, এনসিপির জেলা শাখার যুগ্ম সমন্বয়ক আরিফ খান।

বক্তারা বলেন, গণভোটের মাধ্যমে জনগণের দেওয়া রায় দ্রুত বাস্তবায়ন করতে হবে। জনগণের মতামত উপেক্ষা করা হলে গণতন্ত্র ক্ষতিগ্রস্ত হবে। দাবির প্রতি গুরুত্ব না দিলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি দেওয়া হবে। এ সময় তারা সবাইকে ঐক্যবদ্ধভাবে আন্দোলনে থাকার আহ্বান জানান।

মিছিলকে কেন্দ্র করে শহরে আইনশৃঙ্খলা বাহিনীর সতর্ক উপস্থিতি দেখা যায়।

গাংনীতে মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির বার্ষিক সম্মেলন

মেহেরপুরের গাংনীতে উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির বার্ষিক সম্মেলন ও অবসর সুবিধা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষক ও কর্মচারী কল্যাণ সমিতির আয়োজনে সমিতির নিজস্ব কার্যালয়ে সমিতির সভাপতি সৈয়দ জাকির হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবলুর সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় অ্যান্ড কলেজের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, সমিতির সাবেক সভাপতি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক গোলাম মোস্তফা, সাবেক সাংগঠনিক সম্পাদক ও অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক রমজান আলী, সাবেক প্রধান শিক্ষক জালালউদ্দিন, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল কাশেম, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আক্কাচ আলী, যমুনা ব্যাংকের ব্যবস্থাপক জিয়াউর রহমান, প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, প্রধান শিক্ষক দিলরুবা ইয়াসমিন, প্রধান শিক্ষক আনিচুর রহমান, প্রধান শিক্ষক আব্দুর রশিদসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমিতির সভাপতি সৈয়দ জাকির হোসেন। সমিতির সাধারণ সম্পাদক মুস্তাফিজুর রহমান বাবলু বিগত সময়ে সমিতির বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। তিনি বর্তমান কমিটি সমিতির সদস্যদের কল্যাণে কী কী কাজ করেছেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সদস্যদের অবহিত করেন।

সভায় জানানো হয়, সমিতির সদস্যদের কল্যাণে ৫ লাখ টাকা স্থায়ী আমানত (ডিপোজিট) হিসেবে জমা করা হয়েছে। এছাড়া সমিতির গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে আলোচনা করেন সদস্যরা।

অনুষ্ঠানে সমিতির যে সকল সদস্য ইতোমধ্যে অবসরে গেছেন, তাদের মধ্যে অবসর সুবিধা বাবদ প্রায় ৪ লাখ টাকা বিতরণ করা হয়। সমিতির সম্পাদক বার্ষিক প্রতিবেদনে বিগত সময়সহ বর্তমান পর্যন্ত আর্থিক

হিসাব উপস্থাপন করেন।

সভায় সমিতির নিজস্ব কার্যালয়ে কমিউনিটি সেন্টার বা কার্যালয়ের সামনে মার্কেট নির্মাণের বিষয়ে সদস্যদের মতামত নেওয়া হয় এবং ভবিষ্যতে কমিউনিটি সেন্টার বা মার্কেট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অনুষ্ঠানে সমিতির প্রায় ৫ শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মনোজ্ঞ সংগীত পরিবেশন করা হয়।

অনুষ্ঠানে সমিতির সদস্যদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি লক্ষ্য করা যায়।

মেহেরপুরের পুরাতন দরবেশপুরে মুখোমুখি সংঘর্ষে নিহত ১, আহত ৩

মেহেরপুর-চুয়াডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের পুরাতন দরবেশপুরে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আরাফ হোসেন (১৪) নামের এক মাদ্রাসা ছাত্র নিহত হয়েছেন।

এ ঘটনায় আরও তিনজন আহত হয়েছেন। শনিবার রাত সাড়ে ৮টার দিকে পুরাতন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত আরাফ হোসেন মেহেরপুর সদর উপজেলার সিংহাটি পশ্চিমপাড়ার তৌহিদুল ইসলামের ছেলে।

আহতরা হলো একই গ্রামের কামাল হোসেনের ছেলে হোসাইন (১৪), মোমিনপুর গ্রামের শ্রী রঞ্জিত কুমার পাত্রের ছেলে শ্রী ইন্দ্রজিৎ পাত্র (৩৫) এবং তাঁর ভাই শ্রী সাজু পাত্র (৪০)।

স্থানীয় সূত্রে জানা যায়, আরাফ ও হোসাইন একটি টিভিএস আরটিআর মোটরসাইকেলে করে দ্রুতগতিতে মেহেরপুর থেকে চুয়াডাঙ্গার দিকে

যাচ্ছিলেন। পথে বিপরীত দিক থেকে আসা ইন্দ্রজিৎ ও সাজু পাত্রের টিভিএস মেট্রো মোটরসাইকেলের সঙ্গে তাদের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই আরাফ হোসেনের মৃত্যু হয়।

দুর্ঘটনার পর মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে নিহত ও আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক আরাফকে মৃত ঘোষণা করেন। আহতদের মধ্যে হোসাইনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছেছে। দুর্ঘটনায় জড়িত দুটি মোটরসাইকেল জব্দ করে বারাদী পুলিশ ক্যাম্পে নেওয়া হয়েছে। এ বিষয়ে পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে জিয়া খালের পুনঃ: খনন কাজের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রামে ২৪ লক্ষ ৭১ হাজার টাকা ব্যয়ে ১ হাজার ১০০ মিটার জিয়া খাল পুন:খনন কাজের উদ্বোধন করা হয়েছে ।

আজ শনিবার (১১ এপ্রিল) বিকাল সাড়ে চারটার দিকে পানি সম্পদ মন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী প্রধান অতিথি হিসেবে মাটি কেটে খাল খননের উদ্বোধন করেন। খাল খনন শেষে খালপাড়ে তিনি একটি গাছের চারা রোপন করেন।

পরে বলিয়ারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে পানি সম্পদ মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য দেন মন্ত্রী।

এ সময় তিনি বলেন, ‘খাল খননের মাধ্যমে কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি হবে, খালের দুই পাড়ে বিভিন্ন ধরনের গাছ রোপন করা হবে, যার মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা হবে। তিনি বলেন, বর্ষাকালে জলাবদ্ধতা দূর হওয়ার পাশাপাশি কৃষি উন্নয়নের মাধ্যমে এলাকার অভূতপূর্ন উন্নয়ন হবে।’

মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের সভাপতিত্বে বক্তব্য দেন, মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন আহমেদ,পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন, মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, মেহেরপুর ২ আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন, ‌,মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নাইম কামাল খান।

উপস্থিত ছিলেন পানি উন্নয়ন বোর্ড পশ্চিম অঞ্চলের প্রধান প্রকৌশলী শাজাহান সিরাজ, কুষ্টিয়া পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জাহিদুল ইসলাম।

আলোচনা সভায় জেলা বিএনপির অঙ্গ সংগঠনে নেতাকর্মীরা অংশ নেন।

নারায়ণগঞ্জে পুকুরে ডুবে মেহেরপুরের দুই ভাইয়ের মৃত্যু

নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলায় খেলার সময় পুকুরে পড়া ফুটবল তুলতে গিয়ে পানিতে ডুবে মেহেরপুরের আদনান (১০) ও আব্রাহাম (৭) নামে দুই ভাইয়ের মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শুক্রবার (১০ এপ্রিল) দুপুর ১২টার দিকে উপজেলার কাঁচপুর ইউনিয়নের রায়েরটেক এলাকায় এ ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন সোনারগাঁ থানা পুলিশের পরিদর্শক মো. মহিববুল্লাহ।

নিহত শিশুরা মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের জিয়াউর

রহমানের ছেলে। তারা রায়েরটেক এলাকার খান বাড়ির নিজাম খানের বাসায় ভাড়াটিয়া হিসেবে বসবাস করত।

নিহতদের বাবা জিয়াউর রহমান জানান, তার দুই ছেলে স্থানীয় আব্দুল্লাহ ইবনে মাসুদ নামে একটি মাদ্রাসায় পড়াশোনা করত। শুক্রবার মাদ্রাসা বন্ধ থাকায় তারা বাড়িতে এসে পুকুরপাড়ে ফুটবল নিয়ে খেলছিল। এ সময় বল পুকুরে পড়ে গেলে এক ছেলে তা তুলতে গিয়ে পানিতে পড়ে যায়।

পরে অন্য ভাই তাকে বাঁচাতে গিয়ে দুজনই পানিতে তলিয়ে যায়। এ কথা বলতে গিয়ে তিনি কান্নায় ভেঙে পড়েন।

প্রত্যক্ষদর্শী রনি হোসেন জানান, দুই ভাই পুকুরপাড়ে খেলছিল। হঠাৎ তাদের আর দেখা যাচ্ছিল না। পরে এক নারীর চিৎকার শুনে স্থানীয়রা পুকুরে নেমে খোঁজাখুঁজি করে একে একে দুই শিশুকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন।

সোনারগাঁ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মহিববুল্লাহ বলেন, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এ ঘটনায় অপমৃত্যুর মামলা নেওয়া হবে।

মেহেরপুরে জিয়া খাল ও আলমডাঙ্গা ভাটই খাল পুন:খননের উদ্বোধন

পানিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী শহীদউদ্দিন চৌধুরী এ্যানি এমপি সংক্ষিপ্ত সফরে আজ শনিবার মেহেরপুরে আসছেন।

সফরসূচি অনুযায়ী, তিনি দুপুর ২টায় মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের জিয়া খাল খনন কাজের উদ্বোধন করবেন। উদ্বোধন শেষে বলিয়ারপুরে একটি সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখবেন।

এরপর বিকাল ৪টায় মেহেরপুর সার্কিট হাউজে দলের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করবেন বলে জানা গেছে।

উল্লেখ্য, বিএনপি সরকার গঠনের পর পানিসম্পদ মন্ত্রী হিসেবে শহীদউদ্দিন চৌধুরী এ্যানি প্রথমবারের মতো মেহেরপুর সফরে আসছেন। এর আগে তিনি আলমডাঙ্গা উপজেলার বেলগাছি ইউনিয়নের ডামোশ থেকে ঘোলদাড়ি পর্যন্ত গুরুত্বপূর্ণ ভাটই খালের পুনঃখনন কাজের উদ্বোধন করবেন।

সফরসূচি অনুযায়ী, বেলা সাড়ে ১১টায় তিনি সড়কপথে ঢাকা থেকে চুয়াডাঙ্গা সার্কিট হাউজে পৌঁছাবেন। এরপর বেলা ১টায় আলমডাঙ্গার ডি-১৫এন খাল খনন কাজের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেবেন।

উদ্বোধন শেষে তিনি মেহেরপুরে জিয়া খাল খনন কাজের উদ্বোধনের উদ্দেশ্যে রওনা হবেন।

এদিকে খাল পুনঃখননকে ঘিরে স্থানীয়দের মধ্যে স্বস্তি বিরাজ করছে। দীর্ঘদিন ধরে দখল ও ভরাটের কারণে প্রায় বিলীন হয়ে যাওয়া খালটি পুনরুদ্ধারের উদ্যোগকে স্বাগত জানিয়েছেন কৃষকরা।

এদিকে, আলমডাঙ্গার ডামোশ থেকে ঘোলদাড়ি পর্যন্ত গুরুত্বপূর্ণ খাল পুনঃখনন কাজের উদ্বোধন উপলক্ষে সার্বিক প্রস্তুতি কার্যক্রম পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. শরীফুজ্জামান শরীফ।